মেহেরপুরে দোকানের তালার সাথে ককটেল মোড়ানো ব্যাগ

দোকানের সার্টারের তালার সাথে বাজার করা ব্যাগের মধ্যে দুটি ককটেল রেখে গেছে দূর্বৃত্তরা। পরে সদর থানা পুলিশ খবর পেয়ে ককটেল দুটি উদ্ধার করেন।

মেহেরপুর সদর উপজেলার সোনাপুর প্রাথমিক বিদ্যালয়ের পাশে ফরজ আলীর দোকানের সার্টারের তালার সাথে ককটেল দুটি রাখার ঘটনা ঘটে।

আজ রবিবার (১৬ জুন) সকালের দিকে ফরজ আলী তার দোকানে এসে ব্যাগের মধ্যে ককটেল দুটি দেখে স্থানীয় ইউপি সদস্য বিপ্লব হোসেনকে খবর দেন। ইউপি মেম্বর বিপ্লব হোসেন ঘটনাস্থলে পৌঁছে ব্যাগের মধ্যে রাখা ককটেল দুটি দেখে পুলিশকে খবর দেন।

পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল থেকে বোমা সাদৃশ্য বস্তুু দুটি উদ্ধার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি সিয়া এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, কি কারনে ককটেল তুটি ব্যবসা প্রতিষ্ঠানের সামনে রেখেছে এখনো তা বোঝা যাচ্ছে না। পুলিশ বিষয়টি নিয়ে কাজ করছে।